



বাংলাদেশ মেডিক্যাল এসোসিয়েশন (বিএমএ)

BANGLADESH MEDICAL ASSOCIATION (BMA)

সভাপতি
ডা. মোস্তফা জালাল মহিউদ্দিন

মহাসচিব
ডা. মোঃ ইহতেশামুল হক চৌধুরী

স্মারক নং: বিএমএ/২০১৯/

তারিখ: ১৪-০৭- ২০১৯ খ্রিঃ

প্রেস বিজ্ঞপ্তি

বাংলাদেশ মেডিক্যাল এসোসিয়েশনের সভাপতি ও মহাসচিব পত্রিকায় প্রকাশের জন্য নিম্নলিখিত বিবৃতি প্রদান করেনঃ-

১৩-০৭-২০১৯ খ্রিঃ তারিখ শনিবার দিবাগত রাত ১২:৩০টায় ঢাকাস্থ স্কয়ার হাসপাতালে রোগীর স্বজন পুলিশ কর্মকর্তা ও পুলিশ কর্মকর্তার শ্যালক পরিচয়ধারী কর্তৃক হাসপাতালে কর্তব্যরত চিকিৎসক ডা. নাসিম উদ্দিনকে শারীরিকভাবে লাঞ্চিত করায় বাংলাদেশ মেডিক্যাল এসোসিয়েশন তীব্র নিন্দা ও ক্ষোভ প্রকাশ করেছে। জরুরী বিভাগে কর্তব্যরত একজন চিকিৎসক এর উপর এধরনের জঘন্য ও বর্বরোচিত হামলা অত্যন্ত দুঃখজনক। বিএমএ নেতৃবৃন্দ অনতিবিলম্বে দোষীদেরকে সনাক্ত করে আইনের আওতায় এনে দুষ্টকারীদের দৃষ্টান্ত মূলক শাস্তি প্রদানের জন্য সংশ্লিষ্ট প্রশাসনের নিকট জোর দাবী জানাচ্ছে।

ডা. নাসিম উদ্দিনকে লাঞ্জনাকারীদের আইনের আওতায় আনতে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য বিএমএ স্কয়ার হাসপাতাল কর্তৃপক্ষের ইতিবাচক ভূমিকা প্রত্যাশা করে এবং একই সাথে নাসিম উদ্দিন সহ স্কয়ার হাসপাতালে কর্মরত সকল চিকিৎসকের কর্মস্থলের নিরাপত্তা নিশ্চিত করার উদাত্ত আহবান জানাচ্ছে। কোন হাসপাতাল কর্তৃপক্ষ তাদের প্রতিষ্ঠানে কর্মরত চিকিৎসকদের কর্মস্থলের নিরাপত্তা নিশ্চিত করতে ব্যর্থ হলে বা চিকিৎসকদের নিরাপত্তা নিশ্চিত করে কোন প্রকারের উদাসীনতা বা শৈথিল্য প্রদর্শন করলে কোন চিকিৎসকই ঐ কর্মস্থলে সেবা দিতে উৎসাহ বোধ করবে না।

উল্লেখ্য রামপুরা ট্রাফিক জোনের সহকারী কমিশনার জনাব হুমায়ুন কবীর এর ৬মাস বয়সী কন্যা কোহিনুর আক্তার অসুস্থ অবস্থায় স্কয়ার হাসপাতালের জরুরী বিভাগে চিকিৎসা নিতে আসলে কর্তব্যরত চিকিৎসক শিশু রোগীর প্রয়োজনীয় পরীক্ষা নিরীক্ষা করে প্রেসক্রিপশন প্রদান করেন। এসময় উক্ত পুলিশ কর্মকর্তা রোগীকে একজন সিনিয়র কনসালটেন্ট দেখাতে আত্মহ প্রকাশ করলে কর্তব্যরত চিকিৎসক হাসপাতালের নিয়মানুযায়ী একজন শিশু বিশেষজ্ঞকে কল দেন, এসময় উক্ত বিশেষজ্ঞ আইসিইউতে এক রোগীকে তত্ত্বাবধায়ন করছিলেন বিধায় তার আসতে দেবী হচ্ছিল। এমতাবস্থায় বিশেষজ্ঞের আসতে দেবী হওয়ায় উক্ত পুলিশ কর্মকর্তা ও তার স্ত্রী জরুরী বিভাগে কর্তব্যরত ডা. নাসিম উদ্দিনকে অকথ্য ভাষায় গালি দেন এবং উপস্থিত পুলিশ কর্মকর্তা ও তার শ্যালক চিকিৎসককে শারীরিকভাবে লাঞ্চিত করেন ও মামলা দিয়ে এ্যারেস্ট করে নেওয়ার হুমকি প্রদান করেন।

বরাবর
বার্তা সম্পাদক/ প্রধান প্রতিবেদক

জনাব,
বাংলাদেশ মেডিক্যাল এসোসিয়েশন এর পক্ষ থেকে আন্তরিক শুভেচ্ছা। আপনার বহুল প্রচারিত/ সম্প্রচারিত দৈনিক পত্রিকা/ টেলিভিশনে প্রেস বিজ্ঞপ্তি আকারে প্রকাশের জন্য অনুরোধসহ প্রেস বিজ্ঞপ্তিটি প্রেরণ করা হল।

বার্তা প্রেরক-

ডা. মোহাম্মদ শেখ শহীদ উল্লাহ

দপ্তর সম্পাদক

বাংলাদেশ মেডিক্যাল এসোসিয়েশন